গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৪.০০.০০০০.১১২.০৭.০২৮.১৯- ৯৯৬ তারিখঃ ১১/০৯/২০১৯ খ্রি.।

# কোটেশন বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের (৮ম ও ১২তম তলা, ০৬ নং ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) Internet/LAN/Computer & Printer Maintenance সেবা নিশ্চিত করার লক্ষ্যে অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের নিমিত্ত নিম্নোক্ত শর্তে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছেঃ

(ক) নির্বাচিত প্রতিষ্ঠানকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিম্নোক্ত প্রধান প্রধান কার্যক্রম সম্পাদন করতে হবে:

(১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ইন্টারনেট সার্ভিস/সিস্টেম এর সার্বক্ষণিক মনিটরিং ও নিরাপত্তা প্রদানের মাধ্যমে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রাপ্তি নিশ্চিত করা।

(২) মন্ত্রণালয়ের ডিজিটাল হাজিরা সিস্টেম, পিএ সিস্টেম, ডিজিটাল সিসি ক্যামেরা, ডিজিটাল নোটিশ বোর্ড এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর এর মাধ্যমে নিরবচ্ছিন্ন সেবা প্রাপ্তি নিশ্চিত করা।

(৩) ইন্টারনেট, LAN কম্পিউটার ও প্রিন্টার সংক্রান্ত যাবতীয় Troubleshooting/Maintenance কার্যক্রম।

(৪) ইন্টারনেট ও কম্পিউটার সম্পর্কিত অত্র মন্ত্রণালয়ের অন্যান্য সকল কার্যক্রম।

(৫) উল্লেখিত কার্যাবলী যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠানকে সরকারি কার্যাদিবস-সমূহে পূর্ণ অফিসকালীন সময় (সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা) মন্ত্রণালয়ে একজন উপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সাপ্তাহিক ও অন্যান্য সরকারি ছুটির দিনসমূহে Online Support নিশ্চিত করতে হবে। তবে সরকারি বিশেষ প্রয়োজনে ছুটির দিনেও প্রতিষ্ঠানকে প্রতিনিধির মাধ্যমে সেবা প্রদানের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে মাসিক ভিত্তিতে "সার্ভিস চার্জ" প্রদান করা হবে।

(৬) ক্রমিক নং ১-৫ মোতাবেক বর্ণিত সেবা প্রদানের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে মাসিক ভিত্তিতে "সার্ভিস চার্জ" প্রদান করা হবে।

(৭) ইন্টারনেট ও কম্পিউটার এর নিরবচ্ছিন্ন সেবা নিশ্চিত করার লক্ষ্যে কোন তার, সুইচ, যন্ত্রাংশ ইত্যাদি ক্রয়ের প্রয়োজন হলে নির্বাচিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে ক্রয় করবে এবং এর জন্য বিলদাখিল পূর্বক প্রকৃত মূল্য/খরচ দাবি করা যাবে।

(খ) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে প্রাথমিকভাবে সম্পাদিত চুক্তির মেয়াদ হবে ০২ (দুই) বছর। চুক্তিকালীন সময়ে প্রতিষ্ঠানের সেবা সন্তোষজনক বিবেচিত হলে মন্ত্রণালয় কর্তৃক চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। তবে চুক্তির কোনো শর্ত ভংগ বা অন্য কোনো কারণে মন্ত্রণালয় কর্তৃক ০১ (এক) মাসের নোটিশ ও চুক্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক ০৩ (তিন) মাসের লিখিত নোটিশ প্রদান করে চুক্তির অবসান ঘটানো যাবে।

(গ) উপরোক্ত (ক) ও (খ) তে বর্ণিত শর্তাবলী পরিপালনে সম্মত প্রতিষ্ঠান যুগ্মসচিব (প্রশাসন-২) কর্তৃক নিশ্চিত করে কোটেশন আগামী ২২/০৯/২০১৯ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় সচিবালয়স্থ ৬নং ভবনের ৮তম তলায় ৭১৭ নং কক্ষে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১.০০ টায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশনসমূহ খোলা হবে।

কোটেশন দাখিল সংক্রান্ত শর্তাবলীঃ

০১। কোটেশনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতা সনদ, ভ্যাট ও আয়কর সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে;

০২। দরদাতাকে কোটেশনে মাসিক সার্ভিস চার্জ বাবদ দাবিকৃত টাকার পরিমাণ উল্লেখ করতে হবে এবং উল্লিখিত টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে। কোনো প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হবে না;

০৩। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে; অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে;

০৪। কোনো প্রকার তথ্যের জন্য সরকারি কার্যদিবসে সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর সাথে সরাসরি বা টেলিফোনে যোগাযোগ করা যেতে পারে;

০৫। কোনে কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অসম্পূর্ণ কোটেশন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

নারায়ণ চন্দ্র সরকার
যুগ্মসচিব
ফোনঃ-৯৫১৪৪৬৪।

বিতরণঃ

০১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, সকল গেইট।
০২। নোটিশ বোর্ড, মহাহিসাব নিয়ন্ত্রকের অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৪। সচিবালয়স্থ ৬নং ভবনের লিফটের সামনে।
০৫। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
**(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**